কালের কণ্ঠ

তারিখ ... 8 AUG 2017 ... ...
পৃষ্ঠা ... ১৮ ... কলাম ... ৫ ......

# গফরগাঁওয়ে ঘুষ নিতে গিয়ে শিক্ষা কর্মকর্তা ধরা

নিজস্ব প্রতিবেদক, ময়মনসিংহ ও গফরগাঁও প্রতিনিধি ▷

ময়মনসিংহের গফরগাঁওয়ে আট হাজার টাকা ঘুষ নেওয়ার সময় উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা আনোয়ারুল ইসলামসহ তিনজনকে আটক করেছে জেলা দুর্নীতি দমন কমিশন (দুদক)।

গতকাল সোমবার এ ঘটনা ঘটে। পরে দুদক দল ওই কর্মকর্তার বাসা থেকে এক লাখ ৩৩ হাজার টাকা জব্দ করে। সন্ধ্যায় অভিযোগসহ জব্দ করা টাকা ও আটক তিনজনকে গফরগাঁও থানা পুলিশের কাছে হস্তান্তর করে দুদক।

ঘুষ লেনদেনে জড়িত থাকার অভিযোগে আটক অন্য দুজন হলেন উপজেলা শিক্ষা অফিসের উচ্চমান সহকারী উত্তম কুমার কর ও অফিস সহকারী এ বি এম সিদ্দিকুর রহমান।

সূত্র জানায়, উপজেলার ভরভরা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জুয়েল মিয়ার কাছে গত জুন মাসের বিদ্যালয় উন্নয়ন বাবদ বরাদ্দ করা ৪০ হাজার টাকা ছাড় করাতে উপজেলা শিক্ষা কর্মকর্তা আনোয়ারুল ইসলাম আট হাজার টাকা ঘুষ দাবি করেন। জুয়েল মিয়া বিষয়টি দুদককে জানান। পরে উভয় পক্ষের কথামতো জুয়েল ওই টাকা উত্তম কুমার করের কাছে পৌঁছে দেন।

আনোয়ারুল ইসলাম দাবি করেন, জব্দ করা টাকাগুলো বই বিক্রি ও পরীক্ষার ফি বাবদ জমা ছিল।

পরিচাল[illegible]
প্রাপ্তি নং..............................
তারিখ..............................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিস্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর